দৈনিক সংবাদ

তারিখ 14 FEB 1993
পৃষ্ঠা ১২ কলাম ৩

# জা'নগর ভার্সিটিতে সাম্প্রদায়িক সংগঠনের রাজনীতি নিষিদ্ধ

## জাকসু ও ছাত্রঐক্যের ঘোষণা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর, ১৩ই ফেব্রুয়ারি।– জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সকল সাম্প্রদায়িক মৌলবাদী সংগঠনের রাজনীতি নিষিদ্ধ করা হয়েছে। আজ সকালে জাকসু ও সর্বদলীয় ছাত্রঐক্য নেতৃবৃন্দ এক সাংবাদিক সম্মেলনে এ ঘোষণা দেন।

এ ঘোষণার ফলে এখন থেকে ইসলামী ছাত্র মজলিশের রাজনীতিও ক্যাম্পাসে নিষিদ্ধ হয়ে যাবে। '৮৯ সাল থেকে ক্যাম্পাসে ইসলামী ছাত্র শিবিরের রাজনীতি নিষিদ্ধ রয়েছে। '৮৯ সালের ১৫ই আগষ্ট ইসলামী ছাত্র শিবিরের অতর্কিত হামলায় ছাত্রদল নেতা হাবিবুর রহমান কবীর নিহত হলে সর্বদলীয় ছাত্রঐক্য ক্যাম্পাসে শিবিরের রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করেছিল।

সাংবাদিক সম্মেলনে বক্তারা সারাদেশে জামাত-শিবিরের রাজনীতি নিষিদ্ধ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। বক্তারা রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসন ও পুলিশের ভূমিকার সমালোচনা করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য ও কর্তব্যরত পুলিশ প্রশাসনের অপসারণ দাবি করেছেন। বক্তারা দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে জামাত-শিবিরদের মদতদানকারী শিক্ষক-বুদ্ধিজীবীদের প্রতি হুঁশিয়ারি উচ্চারণ করে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানেও জাহাঙ্গীরনগরের দৃষ্টান্ত অনুসরণের আহ্বান জানান। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রদল নেতা আমিনুল ইসলাম আলম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জাকসু'র সহ-সভাপতি মাসুদ হাসান তালুকদার, ছাত্রলীগ (ম-ই) নেতা মোঃ মহিবুল্লাহ, ছাত্র ইউনিয়ন নেতা আতিকুল আকন্দ টিপু, সমাজতান্ত্রিক চাত্রফ্রন্ট নেতা কাজী শহীদুল ইসলাম, ছাত্রলীগ (বা-কা) নেতা লুৎফুল কবীর।

এর আগে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিবিরের নারকীয় হামলায় নিহতদের স্মরণে ও সারাদেশে জামাত-শিবিরের রাজনীতি নিষিদ্ধের দাবিতে ছাত্র-শিক্ষক-কর্মচারীদের এক বিরাট মৌন মিছিল বের হয়। মিছিলশেষে এক সংক্ষিপ্ত সমাবেশে উপাচার্য, শিক্ষক নেতৃবৃন্দ, জাকসু ও ছাত্র নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

এদিকে আজ বিকেলে মুক্তিযোদ্ধা ছাত্র কমান্ড জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা বিশ্ববিদ্যালয়ের আবাসিক এলাকা বিশ মাইলে এক সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তারা জামাত-শিবিরের রাজনীতি নিষিদ্ধ করার দাবি জানিয়েছেন।